

লোহাগড়ার ২৬ প্রাথমিক শিক্ষক চরম বিপাকে

■ লোহাগড়া (নড়াইল) সংবাদদাতা লোহাগড়ায় দ্বিতীয় ধাপের সাতটি সদ্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সরকারি গেজেট না হওয়ায় ২৪ মাস বেতন-ভাতা বন্ধ রয়েছে। বেতন-ভাতা না পেয়ে ঈদ আনন্দ থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা করছেন ওই শিক্ষকদের পরিবার।

২৪ মাস বেতন
ভাতা বন্ধ

২০১৩ সালের ৯ জানুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক ঘোষণায় তিন ধাপে ২৬ হাজার বেসরকারি রেজি. প্রাথমিক বিদ্যালয়কে সরকারিকরণের ঘোষণা দেন। ঘোষণা অনুযায়ী ওই বছরের ১৩ জুলাই দ্বিতীয় ধাপে লোহাগড়ায় একটি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়সহ ৬টি রেজি. প্রাথমিক বিদ্যালয়কে সরকারি করে প্রজ্ঞাপন জারি করেন। কিন্তু ২৪ মাস অতিবাহিত হলেও এখন পর্যন্ত ওই সাত বিদ্যালয়ের ২৬ শিক্ষকের নামে সরকারি গেজেট প্রকাশ হয়নি। ফলে

নতুন বেতন-ভাতা পাননি তারা। আবার আগের বেতন-ভাতাও বন্ধ রয়েছে।

শিক্ষকরা আরো জানান, গত ঈদুল ফিতরে বেতন-বোনাস হওয়ার কথা ছিল। কিন্তু এক বছর পেরিয়ে গেলেও এখনও সরকার বরাদ্দ দেয়নি। এদিকে টাকার অভাবে সংসার চালাতে হিমশিম খাচ্ছেন তারা।

পরিবারের শিশু, সন্তানদের ঈদের পোশাক কিনে দিতে না পেরে নীরবে চোখের জল ফেলছেন ওই শিক্ষকরা।

উপজেলা শিক্ষা অফিসার মো. লুৎফর রহমান বলেন, সরকারি গেজেট না আসায় ওই শিক্ষকদের বেতন হচ্ছে না। উপজেলা শিক্ষা কমিটির অনুমোদনসহ ২৬ শিক্ষকের বেতনের জন্য চার মাস আগে এবং গত মাসেও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে চিঠি দিয়েছি। কিন্তু বরাদ্দ আসেনি।